# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৭

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩০ / ০৩ সেপ্টেম্বর ২০২৩

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ব্যাংকের পরিচালক, চুক্তিভিত্তিক উপদেষ্টা ও পরামর্শক নিয়ুক্তির বিধি বিধান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭, তারিখ ১২ মে ২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে চুক্তিভিত্তিক উপদেষ্টা ও পরামর্শক নিয়ুক্তিসহ ব্যাংকের পরিচালক নিয়ুক্তির বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়। এক্ষণে, একই মুদ্রাবাজারের আওতাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ও উপযুক্ততার শর্তাবলী সমরূপ/একইরূপ করার লক্ষ্যে ব্যাংকের পরিচালক নিযুক্তি সংক্রান্ত সূত্রে উল্লেখিত সার্কুলার লেটারের অনুচ্ছেদ ৩.২ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো :

‘‘৩.২। নিয়মিত বা চুক্তিভিত্তিক কর্মকর্তা অবসর বা অব্যাহতি বা চুক্তির মেয়াদ শেষ হওয়ার পর ০৫ বছর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত একই ব্যাংকের পরিচালক হিসেবে নিযুক্ত হওয়ার যোগ্য হবেন না।”

০৩। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭, তারিখ ১২ মে ২০২১ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০০৯৫